

“বেবি ডে কেয়ার” নিয়ে গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত

আজ ২১ নভেম্বর ২০১৭, মঙ্গলবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান স্যারের সাথে তাঁর কার্যালয়ে “বেবি ডে কেয়ার” নিয়ে একটি গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান স্যার ছাড়াও এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী একেএম হাবিবুর রহমান, অতিরিক্ত রেজিস্ট্রার ডা. স্বপন কুমার তপাদার, উপ-গ্রন্থাগারিক ডা. রোকেয়া সুলতানা প্রমুখ উপস্থিত ছিলেন।

